

পাঠ ২৫

# মুক্তিসেনা

সুকুমার বড়ুয়া

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- চিত্র বা ছবি দেখে ও প্রমিত উচ্চারণে বলা ছড়া, কবিতা, গল্প শুনে বিষয় বুঝতে পারা ও আনন্দ লাভ করতে পারা।
- চিত্র/ছবি সংবলিত ও চিত্র/ছবিবিহীন কবিতা, গল্প বুঝে সাবলীলভাবে বলতে পারা।
- ছড়া, কবিতা, রূপকথা, গল্প বিরামচিহ্ন মেনে ও প্রমিত উচ্চারণে স্পষ্ট স্বরে শুদ্ধভাবে পড়ে বুঝতে পারা ও আনন্দ লাভ করা।
- ছড়া, কবিতা, গল্প বিষয় বুঝতে পারা।
- পাঠের অন্তর্ভুক্ত ছড়া, কবিতা ও গল্পের শব্দ, বাক্য লিখতে পারা।

## পাঠের শিখনফল

৪.১.২ কবিতা শুনে আনন্দের সাথে নিজের মতো করে বলতে পারব।
৮.১.২ শুদ্ধ ও স্পষ্ট উচ্চারণে কবিতা বলতে পারব।
১২.১.৩ বানান করে কবিতার চরণ পড়তে পারব।
১২.১.৪ স্পষ্ট ও শুদ্ধ স্বরে আনন্দ সহকারে কবিতা পড়তে পারব।
১২.১.৫ ছড়া, কবিতা, গল্প আগ্রহের সাথে পড়ে বিষয়বস্তু বলতে পারব।
১৬.১.৩ কবিতার চরণ দেখে দেখে লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মুক্তি | ধন্য | অস্ত্র | যুদ্ধ | মাতৃভূমি | বাজি | শহিদ | গাজি | ভিনদেশি | পণ্য |
| ঝাঁপিয়ে | শক্ত | সৈন্য | ধন্য | স্বদেশ | | | | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর (১) চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

মুক্তিসেনা, ধন্য, অস্ত্র, মাতৃভূমি, জীবন বাজি, শহিদ, গাজি, ভিনদেশি, পণ্য, ঘায়েল করা, হানাদার।

উত্তর :

মুক্তিসেনা — মুক্তিযোদ্ধা।

ধন্য — সাধুবাদের যোগ্য।

অস্ত্র — যুদ্ধ করার হাতিয়ার।

মাতৃভূমি — স্বদেশ।

জীবন বাজি — জীবনের মায়া না করা।

শহিদ — দেশের জন্য যুদ্ধ করে যাঁরা জীবন দেন।

গাজি — যুদ্ধ করে যাঁরা জয়ী হয়ে ফেরেন।

ভিনদেশি — অন্য দেশের।

পণ্য — কেনা যায় এমন জিনিস।

ঘায়েল করা — পরাজিত করা।

হানাদার — আক্রমণকারী।

### ২ বলি ও লিখি

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

**প্রশ্ন ক. অস্ত্র ধরে যুদ্ধ করল কারা?**

উত্তর : মুক্তিসেনারা অস্ত্র ধরে যুদ্ধ করল।

**প্রশ্ন খ. মুক্তিসেনারা কেন যুদ্ধ করল?**

উত্তর : মুক্তিসেনারা মাতৃভূমির জন্য যুদ্ধ করল।

**প্রশ্ন গ. কাদের শহিদ বলে?**

উত্তর : মাতৃভূমির জন্য যুদ্ধে যাঁরা জীবন দিয়েছেন তাঁদের শহিদ বলে।

**প্রশ্ন ঘ. হানাদার কারা?**

উত্তর : হানাদার হলো পাকিস্তানি শত্রুবাহিনী।

### ৩ কবিতাটি বলি ও লিখি।

▶ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৭

উত্তর : শিক্ষকের সহায়তায় নিজেরা চেষ্টা করি।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

| | |
|---|---|
| মুক্তিসেনা | |
| অস্ত্র | |
| মাতৃভূমি | |
| ধন্য | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৪

**উত্তর :**

| | |
|---|---|
| মুক্তিসেনা | মুক্তিসেনারা দেশের জন্য যুদ্ধ করেছেন। |
| অস্ত্র | মুক্তিযোদ্ধারা অস্ত্র হাতে যুদ্ধ করেছিলেন। |
| মাতৃভূমি | মাতৃভূমি সবারই প্রিয়। |
| ধন্য | মুক্তিযোদ্ধারা দেশের জন্য জীবন দিয়ে ধন্য। |

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ২. আমাদের স্বাধীনতা দিবস কোন মাসে?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৩

**উত্তর :** আমাদের স্বাধীনতা দিবস মার্চ মাসে।

**প্রশ্ন ৩. এই দেশকে কারা স্বাধীন করেছিলেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৩

**উত্তর :** মুক্তিসেনারা এই দেশকে স্বাধীন করেছিলেন।

**প্রশ্ন ৪. ভিনদেশি কারা?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৫

**উত্তর :** পাকিস্তানি হানাদারদের ভিনদেশি বলা হয়েছে।

**প্রশ্ন ৫. আমরা মুক্তিসেনাদের নিয়ে গর্ব করি কেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৫

**উত্তর :** মুক্তিসেনারা নির্লোভ থেকে নিজেদের জীবন বাজি রেখে মাতৃভূমির জন্য যুদ্ধ করেছেন। তাই আমরা তাঁদের নিয়ে গর্ব করি।

### পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

**প্রশ্ন ৬. কবিতার বিষয়বস্তু লেখ।** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৯

**উত্তর :** 'মুক্তিসেনা' কবিতায় কবি বীর মুক্তিযোদ্ধাদের জয়গান গেয়েছেন। যাঁরা মাতৃভূমির জন্য অস্ত্র হাতে যুদ্ধ করেন তাদের জীবন ধন্য। চাইলেই মুক্তিসেনারা ভিনদেশিদের পণ্য হতে পারতেন। কিন্তু তাঁরা তা করেননি। শক্ত হাতে অস্ত্র ধরে হানাদারদের বিরুদ্ধে যুদ্ধ করে শহিদ বা গাজি যাই হন– তাঁরা ধন্য।

### লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ৭. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

মাতৃভূমির, ভালোবাসব, অস্ত্র, লোভ।

ক. ——— হাতে মুক্তিসেনারা যুদ্ধ করেছিলেন।

খ. মুক্তিসেনারা ——— জন্য যুদ্ধ করেছিলেন।

গ. মুক্তিসেনাদের কোনো ——— ছিল না।

ঘ. দেশকে আমরা ———। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২১১

**উত্তর :**

ক. **অস্ত্র** হাতে মুক্তিসেনারা যুদ্ধ করেছিলেন।

খ. মুক্তিসেনারা **মাতৃভূমির** জন্য যুদ্ধ করেছিলেন।

গ. মুক্তিসেনাদের কোনো **লোভ** ছিল না।

ঘ. দেশকে আমরা **ভালোবাসব**।

**প্রশ্ন ৮. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| দেশের জন্য যুদ্ধ করে যাঁরা জীবন দেন। | বাজি |
| কেনা যায় এমন জিনিস। | শহিদ |
| জীবনের মায়া না করা। | ভিনদেশি |
| অন্য দেশের। | পণ্য |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ২০৬

**উত্তর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| জীবনের মায়া না করা। | বাজি |
| দেশের জন্য যুদ্ধ করে যাঁরা জীবন দেন। | শহিদ |
| অন্য দেশের। | ভিনদেশি |
| কেনা যায় এমন জিনিস। | পণ্য |

**প্রশ্ন ৯. নিচের যুক্তবর্ণগুলো বিভাজন করে শব্দ লেখ।**

ক্ত, স্ত্র, তৃ, ন্য।

**উত্তর :**

| | | |
|---|---|---|
| ক্ত | ক + ত | মুক্তিসেনা |
| স্ত্র | স + ত + ্র (র-ফলা) | অস্ত্র |
| তৃ | ত + ৃ (ঋ-কার) | মাতৃভূমি |
| ন্য | ন + ্য (য-ফলা) | ধন্য |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | মুক্তিসেনা কারা বলতে পারে। | | | |
| | কবিতা শুনে বলতে পেরেছে। | | | |
| | পাঠে ব্যবহৃত বিশেষ বিশেষ শব্দের অর্থ জানে। | | | |
| | ভিডিও দেখে মুক্তিযুদ্ধের বিষয় বলতে পেরেছে। | | | |
| দক্ষতা | স্পষ্ট ও শুদ্ধ স্বরে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | কবিতার চরণ দেখে দেখে লিখতে পেরেছে। | | | |
| | পাঠের শব্দ, বাক্য, চরণ লিখতে পেরেছে। | | | |
| | প্রমিত উচ্চারণে কবিতা পড়তে পেরেছে। | | | |
| | শব্দ দিয়ে বাক্য লিখতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | আনন্দের সাথে কবিতা বলতে পেরেছে। | | | |
| | আনন্দের সাথে গানে অংশগ্রহণ করেছে। | | | |
| | আনন্দের সাথে মুক্তিযুদ্ধের ছবি এঁকেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম :.................................................. শ্রেণি :.............................. রোল নম্বর : ☐

**১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

মুক্তিসেনা, ধন্য, অস্ত্র, মাতৃভূমি, শহিদ, গাজি।

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**

ক. অস্ত্র ধরে যুদ্ধ করল কারা?
খ. মুক্তিসেনারা কেন যুদ্ধ করল?
গ. হানাদার কারা?

**৩। উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো।**

মাতৃভূমির, ভালোবাসব, অস্ত্র, লোভ।

ক. ——— হাতে মুক্তিসেনারা যুদ্ধ করেছিলেন।
খ. মুক্তিসেনারা ——— জন্য যুদ্ধ করেছিলেন।
গ. মুক্তিসেনাদের কোনো ——— ছিল না।
ঘ. দেশকে আমরা ———।

### উত্তরমালা

১ ▸ মুক্তিসেনা – মুক্তিযোদ্ধা।
ধন্য – সাধুবাদের যোগ্য।
অস্ত্র – যুদ্ধ করার হাতিয়ার।
মাতৃভূমি – স্বদেশ।
শহিদ – দেশের জন্য যুদ্ধ করে যাঁরা জীবন দেন।
গাজি – যুদ্ধ করে যাঁরা জয়ী হয়ে ফেরেন।

২ ▸ ক. মুক্তিসেনারা অস্ত্র ধরে যুদ্ধ করল।
খ. মুক্তিসেনারা মাতৃভূমির জন্য যুদ্ধ করল।
গ. হানাদার হলো পাকিস্তানি শত্রুবাহিনী।

৩ ▸ ক. **অস্ত্র** হাতে মুক্তিসেনারা যুদ্ধ করেছিলেন।
খ. মুক্তিসেনারা **মাতৃভূমির** জন্য যুদ্ধ করেছিলেন।
গ. মুক্তিসেনাদের কোনো **লোভ** ছিল না।
ঘ. দেশকে আমরা **ভালোবাসব**।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐